# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**Any Information For JSC Reg. Log on www.rajshahieducationboard.gov.bd**

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর: ৫৭৩/জে.এস.সি.(নিবঃ)০১/বি.প                                    তারিখ: ২৮/০৩/২০২২

**বিষয় ঃ ২০২২ সালে অনুষ্ঠেয় জেএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধনের তালিকা ও ফিস জমাদান প্রসঙ্গে।**

রাজশাহী শিক্ষা বোর্ডের অধিভুক্ত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়/মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের এবং ৮ম শ্রেণীর পাঠদানের অনুমতিপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সালে অনুষ্ঠেয় জে.এস.সি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের (অনলাইনে রেজিষ্ট্রেশন ও হার্ডকপি প্রস্তুত করার জন্য প্রত্যেক শিক্ষার্থীর ছবি, জন্ম নিবন্ধন,পিতা মাতার **NID** কপি ও **PEC** সনদ সংগ্রহ করবেন) নামের তালিকা (বাংলা ও ইংরেজিতে) কম্পিউটারে প্রস্তুত করে শিক্ষার্থী প্রতি ১৪৫/- টাকা, বিলম্বের ক্ষেত্রে (১৪৫+৫০)=১৯৫/- টাকা এবং ৮ম শ্রেণীর পাঠদানের অনুমতিপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী প্রতি ১১০/- টাকা, বিলম্বের ক্ষেত্রে (১১০+৫০=১৬০/-)টাকা হারে সচিব, **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী** হিসাব নম্বর **SND** ৩৬০০০০৬৮ সোনালী ব্যাংক গ্রেটার রোড শাখা, রাজশাহী বরাবর সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিয়ে ব্যাংক কর্তৃক স্বাক্ষরিত সোনালী সেবার মূল এবং ফটোকপির রশিদ, বর্তমান কমিটি ও মঞ্জুরীর কাগজ এবং বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলের সদস্য ফি (বিশ্বস্কাউটস সংস্থার) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা প্রদানের মূল রশিদের ফটোকপিসহ তিন সেট একত্রে নতুন ভবনের তৃতীয় তলায় হিসাব (আয়) শাখায় জমা করতে হবে। হিসাব শাখা কর্তৃক স্বাক্ষরিত দুই সেটের মধ্যে এক সেট প্রতিষ্ঠানের অফিস কপি হিসেবে রেখে বাকী এক সেট জেএসসি নিবন্ধন শাখায় জমা দেয়ার জন্য জেলা বিভিক্ত তারিখ নিম্নে প্রদত্ত হল।

| ক্রমিক নং | জেলার নাম | বিলম্ব ফি ছাড়া সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | বিলম্ব ফি সহ সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | তালিকা সহ সোনালী সেবার রশিদ জমার নির্ধারিত তারিখ | অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম শুরুর তারিখ | অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম শেষ করার তারিখ | হার্ডকপি জমা দানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | রাজশাহী | ১৭/০৪/২০২২ সকল জেলার জন্য প্রযোজ্য | ২৮/০৪/২০২২ সকল জেলার জন্য প্রযোজ্য | ৩০/০৫/২০২২ | ২৯/০৪/২০২২ সকল জেলার জন্য প্রযোজ্য | ০৮/০৬/২০২২ সকল জেলার জন্য প্রযোজ্য | ৩০/০৬/২০২২ সকল জেলার জন্য প্রযোজ্য |
| ০২. | নবাবগঞ্জ | | | ৩১/০৫/২০২২ | | | |
| ০৩. | নাটোর | | | ০১/০৬/২০২২ | | | |
| ০৪. | নওগাঁ | | | ০২/০৬/২০২২ | | | |
| ০৫. | পাবনা | | | ০৫/০৬/২০২২ | | | |
| ০৬. | সিরাজগঞ্জ | | | ০৬/০৬/২০২২ | | | |
| ০৭. | বগুড়া | | | ০৭/০৬/২০২২ | | | |
| ০৮. | জয়পুরহাট | | | ০৮/০৬/২০২২ | | | |

### দৃষ্টি আর্কষণ:

নিবন্ধনের কাজ শুরু করার পূর্বে চিঠিটি মনোযোগ সহকারে কয়েকবার পড়া বাঞ্চনীয় । সোনালী ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে জমাকৃত টাকার রশিদ গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর নিবন্ধন সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না। তবে দ্বিতীয় পাতার বিশেষ দ্রষ্টব্য অনুসরণ করা যেতে পারে।

উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের তালিকা কম্পিউটারে (বাংলা ও ইংরেজিতে) কম্পোজ করে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কম্পিউটারাইজড ফরওয়াডিং এর মাধ্যমে দাখিল করতে হবে। তাতে প্রতিষ্ঠানের নাম, কোড নং, EIIN নম্বর, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, হাল নাগাদ টেলিফোন/মোবাইল নম্বর, E-mail Address অবশ্যই উল্লেখ থাকতে হবে। **হাতের লেখা ফরওয়ার্ডিং গ্রহণ করা হবে না।** । নিবন্ধন সংক্রান্ত কোন জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। প্রতিষ্ঠান প্রধানই সম্পূর্ণরূপে দায়ী থাকবেন। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

## নির্দেশাবলী

১। জেএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বয়স অষ্টম শ্রেণীতে ভর্তির সময় ২০২২ সালের ১লা জানুয়ারীতে ১১ (এগার) বছরের উর্দ্ধে এবং ১৭ (সতের) বছরের নীচে হতে হবে।

২। (ক) শিক্ষার্থীর নিজ,পিতা ও মাতার নামের পূর্বে মিস,মিসেস,কুমারী,জনাব,মিঃ,মৌলভী,আলহাজ্ব, অধ্যাপক,ব্যারিষ্টার, ইঞ্জিনিয়ার,কর্ণেল, ড.,ডাঃ, শ্রী,শ্রীমতি, বাবু,মৃত,মরহুম ইত্যাদি পদবী সংযোজন করা যাবে না।
(খ) শিক্ষার্থীদের তালিকা ও হার্ডকপি নিজ, পিতা ও মাতার নাম এবং পি.ই.সি সনদ মূলে প্রস্তুত করতে হবে।

৩। (ক) ছাত্র/ছাত্রীর জন্য নিবন্ধন ও পিইসি এর ন্যায় নাম ও জন্ম তারিখ হতে হবে এবং NID এর ন্যায় পিতা ও মাতার নাম হতে হবে।
(খ) আন্তঃ শিক্ষা বোর্ড বদলীর ক্ষেত্রে অন্য বোর্ডের প্রদানকৃত মূল নিবন্ধন পত্রটি পূর্বের বিদ্যালয় হতে সংগ্রহ করতে হবে। বৈধ বদলী সংক্রান্ত সকল কাগজপত্রের ০১(এক) সেট ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রঙিন ছবি সহ বিলম্ব ফি দিয়ে নতুন নিবন্ধন কার্ডের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষরিত আবেদনপত্রটি জেএসসি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।
(গ) বদলীকৃত শিক্ষার্থীদের রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে যে কোন প্রতিষ্ঠানে নিবন্ধন থাকলে নতুন করে নিবন্ধন করতে হবে না এবং নিবন্ধন সংক্রান্ত কোন ফি জমা দিতে হবেনা।
(ঘ) এ বোর্ডের পূর্বানুমতি ব্যতীত ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের টিসি/ছাড়পত্র প্রদান করা যাবে না।
(ঙ) কোন শিক্ষার্থীকে বদলী হতে হলে উভয় বিদ্যালয়ের সুপারিশক্রমে বদলী ফি জমা প্রদান করে আবেদন পত্রে বিদ্যালয় পরির্দশকের স্বাক্ষর পূর্বক জেএসসি নিবন্ধন শাখার মাধ্যমে বদলি হতে হবে। তবে ঐ বিদ্যালয়ে পঠিত পূর্বের বিষয়গুলোর মিল থাকতে হবে।

৪। শিক্ষার্থীদের নিকট হতে স্কাউটস/গার্ল গাইডস ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে ১৫/- টাকা বোর্ডে প্রদান করতে হবে এবং বিদ্যালয়ের আদায়কৃত অংশ ২৬/- (ছাব্বিশ) টাকা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শাখা-১১(মাধ্যমিক-২) বাংলাদেশ সচিবালয় ঢাকা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬,০৭৬.১২.৩৯৬ তারিখ: ২১/০৫/২০১৭ মোতাবেক জারীকৃত পরিপত্রের আলোকে ব্যয় করতে হবে।

৫। ২০১২ সালে জেএসসি নিবন্ধনের লক্ষ্যে সরবরাহকৃত ১ম পাসওয়ার্ড ও ২য় পাসওয়ার্ড বলবৎ থাকবে। পাসওয়ার্ড এ ০ (শুন্য) বলে কিছু নাই। অনলাইনে কাজের সময় কোন সমস্যা হলে সাহায্যের জন্য (০১৭১৫-০৯৯১৩১,০১৭১৫-৮৪৪৯৩৯) নম্বরে ফোন করুন।

৬। যে সব প্রতিষ্ঠান অষ্টম শ্রেণীর পাঠদানের অনুমতি পেয়েছে কিন্তু অনলাইনে নিবন্ধনের কাজ করার জন্য পাসওয়ার্ড পায়নি তাদেরকে **Bangladesh Bureau Of Educational Information and Statistics (BANBEIS) (Education Ministry, Sonargaon Road. Palashi-Nilkhet,Dhaka-1205)** কর্তৃক প্রদত্ত EIIN (নম্বর) এর কাগজ এবং পাঠদান/একাডেমিক স্বীকৃতির চিঠি সহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে নতুন পাসওয়ার্ড প্রাপ্তির জন্য সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে এবং আবেদনপত্রটি জেএসসি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

৭। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে / **Junior** থেকে **High School**/আক্ষরিক ভুল/বানান ভুল/পরিবর্তন হয়েছে, সে সকল প্রতিষ্ঠান প্রধানগণকে তা সংশোধনের জন্য প্রামাণ্য কাগজপত্রসহ আগামী ০১/০৭/২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে এবং আবেদনপত্রটি জে এস সি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

৮। জে এস সি পরীক্ষার জন্য বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফিস শুধু মাত্র নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সমূহকে প্রদান করতে হবে। উল্লেখ্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সমূহ পরবর্তীতে মাধ্যমিক পর্যায়ে পাঠ দানের অনুমতি প্রাপ্ত হলে নবম শ্রেণীর রেজিঃ এর সময় ক্রীড়া মঞ্জুরী ফিস প্রদান করবে।

### বিশেষ দ্রষ্টব্য ঃ

(ক) ১০৯তম অর্থ কমিটির সুপারিশক্রমে ও ২১৪তম বোর্ড সভার অনুমোদনক্রমে ১৫ নম্বর আলোচ্য বিষয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানগুলোকে বিভিন্ন কাজের নির্ধারিত তারিখে তাদের কাগজ পত্র জমা এবং গ্রহণে বিলম্ব হলে প্রতিষ্ঠান প্রধানকে প্রতিদিন বিলম্বের জন্য ১০০/- (এক শত) টাকা হারে সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা জরিমানা প্রদান করতে হবে।

(খ) **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটের অন্যান্য ই-সেবা হতে সোনালী সেবা ক্লিক করলে সোনালী সেবা ফর্ম পাওয়া যাবে। উক্ত ফর্মে **Registration (eSIF)**/ নিবন্ধন ফিস সিলেক্ট করার পর সম্পূর্ন ফর্মটি পূরণ করে **NEXT**-এ ক্লিক করতে হবে। **NEXT**- এ ক্লিক করার পর ব্যাংকে টাকা জমা দানের রশিদ পাওয়া যাবে। সেই রশিদ প্রিন্ট করে প্রিন্ট কপিসহ ব্যাংক-এ টাকা জমা দিতে হবে।

(গ) বিদ্যালয়ে কোন শ্রেণিতে ১০০ জনের অতিরিক্ত শিক্ষার্থী থাকলে প্রতি ৫০ জন শিক্ষার্থীর জন্য শ্রেণি শাখা খোলার অনুমতি পত্র/ শিক্ষা মন্ত্রণালয়ে আবেদনের কপি নিবন্ধনের সম্ভাব্য তালিকার সংগে নির্ধারিত তারিখে জে,এস,সি নিবন্ধন শাখায় জমা দিতে হবে। বৈধ কাগজপত্রের অভাবে ১০০ জনের অতিরিক্ত শিক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন না হলে প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবে।

(ঘ) কভিট-১৯ এর সংক্রামন রোধ কল্পে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে স্বঃস্বঃ জেলার নির্ধারিত তারিখে জেএসসি নিবন্ধনের সম্ভাব্য তালিকাসহ সোনালী সেবার রশিদ জমা দেয়ার জন্য বিশেষভাবে বলা হলো।

(ঙ) ২০২১ সালে জে,এস,সি নিবন্ধনে বাদপড়া কোন শিক্ষার্থী থাকলে ২০২২ সালে তাদের নিবন্ধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষকে নিদের্শ দেওয়া হল। কোনক্রমেই ২০২১ সালের শিক্ষার্থীদের নতুন করে নিবন্ধন করা হবে না।

**স্বাঃ**

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮(অফিস)

**স্মারক নম্বর :** /জে.এস.সি (নিবঃ) (৩২০০)/বি/প **তারিখ :**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়,৮ম শ্রেণীর পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ ।
২। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট(চঃদাঃ)/প্রধান মূল্যায়ন অফিসার(চঃদাঃ), উপ-সচিব(প্রশাসন) নিরাপত্তা অফিসার ,শাখা কর্মকর্তা, পত্রগ্রহণ শাখা/হিসাব (আয়) শাখা, সংস্থাপন শাখা/বৃত্তি শাখা ও সিলেবাস শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড রাজশাহী ।
৪। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, গ্রেটার রোড শাখা, লক্ষীপুর, রাজশাহী।
৫। বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চল, নওদাপাড়া, রাজশাহী।

28/6/22

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন ; ০২৫-৮৮৮৫৫৭৬৮(অফিস)

28/06/2022

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## ২০২২ সালের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের জেএসসি নিবন্ধন সংক্রান্ত ফিসের বিবরণী ও হিসাব ছক

বিদ্যালয়ের নাম ............................................................................................................বিদ্যালয়ের EIIN নম্বর.......................................

ডাকঘরের নাম ও কোড.............................................................. থানা/উপজেলার নাম ও কোড.................................................................... জেলার নাম ও কোড...............................................

টেলিফোন/ মোবাইল নম্বর.......................................................................... E-Mail Address.

| শিক্ষার্থীর সংখ্যা | | মোট সংখ্যা | নিবন্ধন ফিস | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | * ক্রীড়া ফি | বয় স্কাউটস্ ফি | গার্ল গাইডস্ ফি | বিলম্ব ফি | যুব রেড ক্রিসেন্ট ফি | সাংস্কৃতিক ফি | মোট টাকা | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি শুধু মাত্র নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে জন্য প্রযোজ্য | সর্বমোট টাকা | টাকা জমাদানের রশিদ নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | বিদ্যালয় প্রতি | | | |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | ৫০/- | ১০/- | ৫০/- | ১৫/- | | ৫০/- | ১০/- | ১০/- | ১৪৫/- | ৩০০/- | | | |
| | | | | | | | | | | | | | | | |

নিবন্ধন সংক্রান্ত ফিস শিক্ষার্থী প্রতি ১৪৫/- টাকা হিসাবে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে সোনালী সেবা শীর্ষক ওয়েব সাইট এর মাধ্যমে টাকা জমা করতে হবে। উক্ত টাকা জমাদানের মূল কপি/ব্যাংক রশিদ এর মূল কপি ও অন্যান্য কাগজপত্রসহ পূরণকৃত ছক ও সকল শিক্ষার্থীদের তালিকা ফটোকপি হিসাব(আয়) শাখায় জমা করে স্বাক্ষরিত ব্যাংক রশিদের ফটোকপি ও তালিকার মূল কপি জে,এস,সি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

* শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ১৯/০৮/২০১৯ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৫.১৩-২৬৯ মোতাবেক ছাত্র/ছাত্রী প্রতি ক্রীড়া ফি ৩০/- টাকার পরিবর্তে ৫০/- টাকা বৃদ্ধি করা হয়েছে।

১৯০ তম অর্থ কমিটির সুপারিশক্রমে ও ২১৪ তম বোর্ড সভায় অনুমোদনক্রমে ১৫ নম্বর আলোচ্য বিষয়ের সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন কাজে নির্ধারিত দিনে তাদের জমা এবং গ্রহনে বিলম্ব হলে প্রতিদিন বিলম্বের জন্য ১০০/- (একশত) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

বি:দ্র:- ছকের ১১ কলামে উল্লিখিত জে এস সি পরীক্ষার জন্য বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফিস শুধু মাত্র নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সমূহকে প্রদান করতে হবে। উল্লেখ্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সমূহ পরবর্তীতে মাধ্যমিক পর্যায়ে পাঠ দানের অনুমতি প্রাপ্ত হলে নবম শ্রেণীর রেজি: এর সময় ক্রিড়া মঞ্জুরী ফিস প্রদান করবে।

প্রধান শিক্ষক /অধ্যক্ষ এর স্বাক্ষর ও সীল

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

২০২২ সালের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের জেএসসি নিবন্ধন সংক্রান্ত ফিসের বিবরণী ও হিসাব ছক
(শুধুমাত্র সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রযোজ্য)

বিদ্যালয়েরনাম.................................................................................................বিদ্যালয়ের EIINনম্বর..........................

ডাকঘরের নাম ও কোড....................................................... থানা/উপজেলার নাম ও কোড............................................................ জেলার নাম ও কোড.................................................

টেলিফোন/ মোবাইল নম্বর.................................................................................................. E-Mail Address:

| শিক্ষার্থীর সংখ্যা | | মোট সংখ্যা | নিবন্ধন ফি | রেড ক্রিসেন্ট ফি | বিলম্ব ফি | * ক্রীড়া ফি | মোট টাকা | বাৎসরিক ক্রীড়া মঞ্জুরী ফি | সর্বমোট টাকা | টাকা জমাদানের রসিদ নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | শিক্ষার্থী প্রতি | | (বিদ্যালয় প্রতি) | | | |
| | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ |
| | | | ৫০/- | ১০/- | ৫০/- | ৫০/- | ১১০/- | ৩০০/- | | | |
| | | | | | | | | | | | |

* শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ১৯/০৮/২০১৯ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৫.১৩-২৬৯ মোতাবেক ছাত্র/ছাত্রী প্রতি ক্রীড়া ফি ৩০/- টাকার পরিবর্তে ৫০/- টাকা বৃদ্ধি করা হয়েছে।

প্রধান শিক্ষকের স্বাক্ষর ও সীল